

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
সোনারগাঁ, নারায়ণগঞ্জ  
sonargaon.narayanganj.gov.bd

সোনারগাঁ উপজেলা ইনোভেশন কমিটির মার্চ/২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মো: আব্দুল্লাহ আল মাহফুজ  
উপজেলা নির্বাহী অফিসার সোনারগাঁ, নারায়ণগঞ্জ।  
তারিখঃ ২৭/০৩/২০২৪ খ্রিস্টাব্দ  
সময়ঃ বেলা ১২.৫৫ টা  
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।


উপজেলা ইনোভেশন কমিটির উপস্থিত সকল সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়।  
ইনোভেশন কমিটির কার্যক্রম ও বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সিদ্ধান্তঃ

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	ইনোভেশন আইডিয়া প্রদান	সভায় জানানো হয় যে, কম সময়ে জনগণকে সেবা প্রদানের লক্ষ্যে বর্তমানে সারাদেশের বিভিন্ন দপ্তর নিজেদের সেবার মান বৃদ্ধি এবং সেবা ডিজিটালভাবে প্রদানের জন্য তাদের নিজেদের উদ্ভাবনী উদ্যোগকে কাজে লাগিয়ে নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করছে। ফলে সাধারণ জনগণ কম সময়ে তাদের কাঙ্ক্ষিত সেবা গ্রহণ করতে পারছে। উপজেলার সকল দপ্তর হতে ২ টি করে ইনোভেশন আইডিয়া প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পর্যায়ের সকল অফিস প্রধানগণ
০২	সেবা প্রদান সহজীকরণ	নাগরিক সেবা সহজীকরণের জন্য বিভিন্ন ধরনের ডিজিটাল সিস্টেম চালু আছে। সিস্টেম গুলো- অনলাইন পর্চা প্রদান, জন্ম-মৃত্যু নিবন্ধন, সুরক্ষা, ডি-নথি সিস্টেম ইত্যাদি। উপজেলার জনগণকে ডিজিটাল সেবার মাধ্যমে সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পর্যায়ের সকল অফিস প্রধানগণ
০৩	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পর্কে আলোচনা	উপজেলা পর্যায়ে প্রতিটি অফিসসমূহে তার উর্ধ্বতন/অধিনস্থ অফিসসমূহের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন করে সম্পাদিত চুক্তিপত্র নিজ নিজ ওয়েবপোর্টালে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। এপিএ এর ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন জমাদের জন্য আগামী ১ এপ্রিল থেকে ৫ এপ্রিল/২৪ এর ভিতর সকল প্রমাণক সংগ্রহ ও সফটওয়্যারে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পর্যায়ের সকল অফিস প্রধানগণ
০৪	বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রতিবেদন	বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কার্যক্রমের সাথে যুক্ত দপ্তর সমূহ প্রতিমাসের ২৫ তারিখের ভিতর কর্মসম্পাদন সূচকের প্রমাণক নিম্নোক্তস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ	সংশ্লিষ্ট দপ্তর প্রধান

		করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
০৫	উপজেলা প্রশাসনের আওতাধীন সকল অফিসসমূহে নতুন ফরমেট অনুযায়ী সিটিজেন চার্টার প্রদর্শন	উপজেলা পর্যায়ে সিটিজেন চার্টার নতুন ফরমেট পুনরায় স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান
০৬	ইনোভেশন কমিটির কার্যকারিতা ও ব্যাপ্তি বৃদ্ধি করণ	ইনোভেশন কমিটির কার্যকারিতা ও ব্যাপ্তিকে আরও কিভাবে বাড়ানো যায় সে বিষয়ে আলোচনা হয়। সরকারি সকল ডিজিটাল সেবার প্রচার ও জনগণকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও ইনোভেশন কমিটির সকল সদস্য
০৭	প্রশিক্ষণের ব্যবস্থা করণ	সরকারী প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীর ইনোভেশন বিষয়ক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ইনোভেশন উপর বিভিন্ন প্রশিক্ষণের ব্যবস্থা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার / সহকারী প্রোগ্রামার

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


  
 ২৭.০৩.২০২৪  
 (মো: আব্দুল্লাহ আল মাহফুজ)  
 উপজেলা নির্বাহী অফিসার  
 ও  
 সভাপতি  
 উপজেলা ইনোভেশন কমিটি  
 সোনারগাঁ, নারায়ণগঞ্জ

স্মারক নং- ৫৬.০৪.৬৭০৪.০০১.৩১.০০৫.১৭.১৩

তারিখ ১৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
২৭ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি), নারায়ণগঞ্জ।
- ৩। জেলা আইসিটি অফিসার, নারায়ণগঞ্জ।
- ৪। উপজেলা ..... অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা(সচিব  
মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। অফিস কপি।

  
 ২৭/০৩/২০২৪  
 (ফাতেমা-তুজ-জান্নাত)  
 সহকারী প্রোগ্রামার  
 ও  
 সদস্য সচিব  
 উপজেলা ইনোভেশন কমিটি  
 সোনারগাঁ, নারায়ণগঞ্জ